



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং পসব্য/প্রকা/প্রশা-৬৪/২০১৮-১৯/৬৫৭৮

তারিখঃ ২৫ নভেম্বর ২০১৮ইং

(তাগাদা নং ০৩)

শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

বিষয়ঃ ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা “পল্লী লেনদেন” বাস্তবায়নের নিমিত্তে সমিতি ও সদস্যদের তথ্যাদি হালনাগাদকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ব্যাংকের ১৬.১০.২০১৮, ৩০.১০.২০১৮ এবং ১২.১১.১৮ তারিখের ৩১৭০, ৩৩৭১ ও ৩৪৯৩ নং পত্রসমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রগুলোতে মাইক্রোফাইনেস মডিউলে সমিতির সদস্যদের তথ্যাদি ২০.১১.২০১৮ তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হয়েছিল। আপনাদের শাখার তথ্যাদি যাচাই বাছাই করে দেখা যায় আপনারা এখনো সকল সদস্যদের তথ্যাদি হালনাগাদ করেননি। তথ্য হালনাগাদ না করার ফলে ডিজিটাল ফিন্যান্সিয়াল সেবা “পল্লী লেনদেন” চালু করা সম্ভব হচ্ছে না। ব্যাংকের সিবিএস এর ডাটা অনুযায়ী ২৪.১১.২০১৮ তারিখ পর্যন্ত ৫,৭৬,০০০ সদস্যের তথ্য হালনাগাদ হয়েছে। শাখাসমূহ হালনাগাদকরণের কার্যক্রম সম্পাদনের নিমিত্তে আরও এক সপ্তাহ সময় বর্ধিত করার জন্য অনুরোধ করেছে।

০৩। এমতাবস্থায়, আপনাদের অনুরোধের প্রেক্ষিতে ২৯.১১.২০১৮ তারিখের মধ্যে সমিতির সকল সদস্যের যাবতীয় তথ্যাদি হালনাগাদ করে প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য এতদ্বারা নির্দেশ দেয়া হল। উক্ত সময়ের পরে আর সময় বর্ধিত করা হবে না। উক্ত সময় অতিক্রান্তের পর যে সকল শাখার তথ্যাদি হালনাগাদ করা হয়নি সে সকল শাখার কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। যে সকল শাখার তথ্যাদি হালনাগাদ সম্পন্ন হয়েছে তাদের তথ্য সঠিক আছে কিনা পুনরায় দেখার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৪। বিষয়টি অত্যন্ত জরুরী।

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১) চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) জনাব মো. নজরুল ইসলাম খান, পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, পরিচালনা বোর্ড, (সাবেক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়)।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) চেয়ারম্যান, রিকারশন টেকনোলজিস লিমিটেড।
- ৫) অফিস কপি।